



নিউজলেটার

বর্ষ ০৯, সংখ্যা ০৯ | জুলাই ২০২৪

বাংলাদেশ জামায়াতে ইসলামী
ঢাকা মহানগরী দক্ষিণ

“

দুনীতির এই যুগেও রাষ্ট্র
পরিচালনার সকল স্তরে
জামায়াত সততার সর্বোচ্চ
উদাহরণ পেশ করেছে।”

ড. শফিকুল ইসলাম মাসুদ



জুন ১, ২০২৪

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের মুগদা থানা দক্ষিণ থানার উদ্যোগে স্থানীয় একটি মিলনায়তনে সক্রিয় সহযোগী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিশে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য মুহাম্মদ শামছুর রহমান। ঢাকা মহানগরী দক্ষিণের মজলিসে শূরা সদস্য ও মুগদা দক্ষিণ থানা আমীর মুহাম্মদ বনি ইয়ামিনের সভাপতিত্বে এবং থানা সেক্রেটারি মোঃ ইয়াকুব আলীর পরিচালনায় সমাবেশে আরও উপস্থিত ছিলেন মহানগরী মজলিসে শূরা সদস্য ও থানা নায়েবে আমীর মোঃ এ বি সিদ্দিক, থানা কর্মপরিষদ সদস্য মো. কেফায়েত উল্লাহ, মোঃ আবুল কাশেম, মোঃ ওমর বিন নূর, মোঃ গিয়াস উদ্দিন, মোঃ শফিকুল ইসলাম, মোঃ লোকমান হোসাইন, মোঃ আহিদুর রহমান সহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।



রাজধানীতে মুসল্লিদের সাথে
ঈদুল আজহা'র শুভেচ্ছা বিনিময়
করেছেন ঢাকা মহানগরী দক্ষিণ
জামায়াত নেতৃবৃন্দ

জুন ১৭, ২০২৪

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর অ্যাডভোকেট ড. হেলাল উদ্দিনের সাথে সকাল ৭টায় রাজধানীর জাতীয় মসজিদ বাইতুল মোকাররমে ঈদুল আজহার প্রথম জামাতে অংশ নেন ঢাকা দক্ষিণ জামায়াতের কর্মপরিষদ সদস্য সৈয়দ সিরাজুল হক, সৈয়দ জয়নুল আবেদিন, আমিনুর রহমান ও মহানগরীর সহকারী সমাজকল্যাণ সম্পাদক শাহীন আহমদ খান সহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।



চাঁপাইনবাবগঞ্জে অসহায়,
বঞ্চিত ও সাধারণ মানুষের সাথে
নূরুল ইসলাম বুলবুলের
ইদুল আজহা উদযাপন

“
ইব্রাহীম (আঃ) এর চেতনায়
উজ্জীবিত হয়ে আল্লাহর সন্তুষ্টির
জন্য সর্বাবস্থায় ত্যাগ ও কুরবানীর
জন্য প্রস্তুত থাকতে হবে। ”

চাঁপাইনবাবগঞ্জে
ইদ পুনর্মিলনী অনুষ্ঠানে
নূরুল ইসলাম বুলবুল

জুন ২৩, ২০২৪

“
সমাজ ও জাতির নেতৃত্ব দিতে
আপনাদেরই সর্বোচ্চ ত্যাগ স্বীকার
করতে হবে। ”



সিলেটে বন্যার্তদের মাঝে
ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতের
খাদ্য সামগ্রী উপহার প্রদান

জুন ২৫, ২০২৪

“
জনগণের স্বার্থে দেশে একটি কল্যাণকর
সরকার ফিরিয়ে আনতে হবে।
অ্যাডভোকেট ড. হেলাল উদ্দিন

বন্যায় প্লাবিত মৌলভীবাজার জেলার মানুষের মাঝে জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের ফুড প্যাকেট উপহার প্রদান

“
প্রতিবেশী রাষ্ট্র আমাদের সাথে
সঠিক আচরণ করছে না, ফলে
বন্যাসহ উদ্ভূত পরিস্থিতির স্বীকার
হচ্ছে বাংলাদেশ।”

অ্যাডভোকেট ড. হেলাল উদ্দিন



জুন ২৭, ২০২৪

মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলার বন্যাকবলিত বিভিন্ন গ্রামে গ্রামে মানুষের মাঝে ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতের পক্ষ হতে ফুড প্যাকেট উপহার সামগ্রী প্রদান করা হয়েছে। বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর অ্যাডভোকেট ড. হেলাল উদ্দিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসব বন্যার্তদের মাঝে খাদ্য সামগ্রী প্যাকেট তুলে দেন। এসব ফুড প্যাকেট উপহার প্রদানে আরও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি মুহা. কামাল হোসাইন, ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য শ্রমিকনেতা আব্দুস সালাম, ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সমাজকল্যাণ সম্পাদক শাহীন আহমেদ খান, কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও মৌলভীবাজার জেলা আমীর ইঞ্জিনিয়ার শাহেদ আলী, বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির ঢাকা মহানগরী দক্ষিণের সভাপতি আলাউদ্দিন আবীর, মৌলভীবাজার পৌর জামায়াতের আমীর তাজুল ইসলাম সহ স্থানীয় জামায়াতের কয়েক শত নেতাকর্মীরা।



শহীদ আলী আহসান মোহাম্মাদ মুজাহিদ
এবং শহীদ আব্দুল কাদের মোল্লার
কবর জিয়ারত করেন
ঢাকা মহানগরী দক্ষিণের আমীর
নূরুল ইসলাম বুলবুল

জুন ৩০, ২০২৪

“
শহীদ মুজাহিদ এবং শহীদ কাদের মোল্লারা
যুগ যুগ ধরে আমাদের প্রেরণা দিয়ে যাবেন
”